

B.A. 4th Semester [Honours] Examination 2022

MUSIC

Course Id : 40513

Course Code : AH/ MUS/ 403/C-10

Course Title : Theoretical Aspects of Rabindra Sangeet

সময় -২ ঘণ্টা

পূর্ণমান - ৪০

১। যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ-

২ X ৫ = ১০

(ক) 'গীতবিতান'এর ভূমিকার গানটি কী ?

(খ) 'মহারাজ কেবড়িয়া' এবং 'কিহে দেখা কানহাইয়া' গানদুটি ভেঙে রবীন্দ্রনাথ কোন্ দুটি গান রচনা করেন ?

(গ) একটি মূল বাউলগান এবং সেই সুরাশ্রিত রবীন্দ্রসংগীতটির উদাহরণ দাও ।

(ঘ) বঙ্গভঙ্গ আন্দোলনকালে রচিত দুটি স্বদেশ পর্যায়ের সংগীতের প্রথম চরণের উল্লেখ কর ।

(ঙ) 'বাল্মীকি প্রতিভা' গীতিনাট্যে ব্যবহৃত দুটি পাশ্চাত্য সুরের গানের উদাহরণ দাও ।

(চ) ঝাম্পক ও রূপকড়া তালে বদ্ধ দুটি রবীন্দ্রসংগীতের প্রথম চরণের উল্লেখ কর ।

২। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ-

৫ X ৪ = ২০

(ক) রবীন্দ্রসংগীতের সাংগীতিক স্বাতন্ত্র্যতা(Musical Distinctiveness in Rabindra Sangeet) আলোচনা কর ।

(খ) রবীন্দ্রনাথের বিচিত্র পর্যায়ের গানে ভাববৈচিত্র্য কীভাবে ফুটে উঠেছে তা গানের উদাহরণসহ আলোচনা কর ।

(গ) রবীন্দ্রসংগীতে কীর্তনের প্রভাব আলোচনা কর ।

(ঘ) রবীন্দ্রসংগীতে টপ্পা গানের প্রভাব আলোচনা কর ।

(ঙ) রবীন্দ্রনাথের পর্যায়ভিত্তিক গানের ক্ষেত্রে কোন্ পর্যায়ের গানের সংখ্যা সর্বাধিক এবং কত ? ওই পর্যায়ের উপপর্যায়গুলির নামোল্লেখ কর ।

(চ) রবীন্দ্রনাথের গীতিনাট্যগুলির মধ্যে কোনটি অপেরার অনুকরণে রচিত ? গীতিনাট্যটির কাহিনী বর্ণনা কর ।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ-

১০ X ১ = ১০

(ক) 'তাহার আভিজাত্য বৃহৎ সীমার মধ্যে আপন মর্যাদা রক্ষা করে চলে' - কোন্ গীতশৈলী

সম্বন্ধে কবির এই উক্তি ? রবীন্দ্রনাথের গানে এই গীতশৈলীর প্রভাব আলোচনা কর ।
(খ) রবীন্দ্রনাথের দৃষ্টিতে প্রেমের স্বরূপ গানের ব্যাখ্যাসহ আলোচনা কর ।
